যার অর্থ: “তোমরা অবশ্যই তোমাদের পূর্ববর্তীদের রীতিনীতি অনুসরণ করবে, বিঘতে বিঘতে এবং হাতে হাতে ।

আবু সাঈদ আল-খুদরী রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেছেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: যার অর্থ: “তোমরা অবশ্যই তোমাদের পূর্ববর্তীদের রীতি-নীতি অনুসরণ করবে, বিঘতে বিঘতে এবং হাতে হাতে । এমনকি তারা যদি গুইসাপের গর্তেও প্রবেশ করে, তবে তোমরাও সেখানে প্রবেশ করবে।” আমরা বললাম, হে আল্লাহর রাসূল! ইয়াহূদী ও নাসারাদের? তিনি বললেন: তবে আর কারা?”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে জানাচ্ছেন যে, তার পরবর্তী সময়ে তার উম্মাতের কিছু মানুষের অবস্থা কেমন হবে। যেমন: ইহুদী ও খ্রিস্টানদের বিশ্বাস, কাজ, রীতিনীতি এবং ঐতিহ্যের ক্ষেত্রে তারা তাদেরকে অনুসরণ করবে, আর তা হবে অত্যন্ত নিখুঁতভাবে, প্রতিটি বিঘতে বিঘতে এবং হাতে হাতে , এমনকি যদি তারা গুইসাপের গর্তে প্রবেশ করে তবে এরাও তাদের পিছনে পিছনে সেখানে প্রবেশ করবে।

https://sunnah.global/hadeeth/bn/show/3355